# জান্নাত-জাহান্নাম

বিভাগ/অধ্যায়ঃ আরাফবাসিগণ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

আরাফবাসিগণ

আ’রাফ জান্নাত ও জাহান্নামের মধ্যবর্তী এক জায়গার নাম। এমন কতক মানুষ যাদের নেকী-বদী সমান হলে ঐ স্থানে কিছুদিনের জন্য অবস্থান করবে এবং পরে আল্লাহর রহমতে তারা জান্নাতে প্রবেশ করবে। সেই জায়গা থেকে জান্নাতবাসী ও জাহান্নামবাসীদের অবস্থা অবলোকন করা যাবে। মহান আল্লাহ বলেন, “(জান্নাতী ও জাহান্নামী অথবা জান্নাত ও জাহান্নাম) উভয়ের মধ্যে পর্দা থাকবে এবং আ’রাফে কিছু লোক থাকবে, যারা প্রত্যেককে তার লক্ষণ দ্বারা চিনবে এবং তারা বেহেশবাসীদেরকে আহবান করে বলবে, 'তোমাদের উপর শান্তি বর্ষিত হোক। তারা তখনও বেহেশতে প্রবেশ করেনি, কিন্তু প্রবেশের আকাঙ্ক্ষা করে।

আর যখন তাদের দৃষ্টি দোযখবাসীদের প্রতি ফিরিয়ে দেওয়া হবে, তখন তারা বলবে, (رَبَّنَا لَا تَجْعَلْنَا مَعَ الْقَوْمِ الظَّالِمِينَ) ‘হে আমাদের প্রতিপালক! আমাদেরকে অত্যাচারীদের সঙ্গী করো না। আরাফবাসিগণ কিছু লোককে তাদের লক্ষণ দ্বারা চিনতে পেরে তাদেরকে আহবান করে বলবে, 'তোমাদের দল ও তোমাদের অহংকার কোন কাজে আসল না। (দেখ,) এদেরই সম্বন্ধে কি তোমরা শপথ করে বলতে যে, আল্লাহ এদের প্রতি দয়া প্রদর্শন করবেন না। (এদেরকেই বলা হবে,) তোমরা বেহেশ্তে প্রবেশ কর, তোমাদের কোন ভয় নেই এবং তোমরা দুঃখিতও হবে না।” (আ'রাফঃ ৪৭-৪৯)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12209

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন